৩৩৩

দৈনিক জনকণ্ঠ

NOV 19 1999
তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৪ ...

# ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধে ব্যবসায়ী শিল্পপতিদের গুরুত্বারোপ

স্টাফ রিপোর্টার ॥ জাতীয় শিক্ষানীতির ওপর এক মতবিনিময় সভায় দেশের শীর্ষস্থানীয় ব্যবসায়ী, শিল্পপতিরা ছাত্র ও শিক্ষক রাজনীতি বন্ধের ওপর গুরুত্বারোপ করে বলেছেন। বিশাল মানব সম্পদকে মৌলিক শিক্ষাপ্রদানের দায়িত্ব ও ব্যয়ভার সরকারের বহন করা আবশ্যক। অপরদিকে, শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক ব্যবসায়ীদের একক বা সম্মিলিতভাবে অঞ্চলভিত্তিক স্কুল এবং কলেজের দায়িত্বভার নেয়ার কথা বলেন। বুধবার ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) সম্মেলন কক্ষে ব্যবসায়ীদের সঙ্গে শিক্ষামন্ত্রীর এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে শিক্ষা জড়িত বিধায় এবং জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে শিক্ষানীতির ওপর বেসরকারী খাতের মতামত জানতে এ সভার আয়োজন করা হয়। সভায় জানানো হয় যে, আগামী ১০ দিনের মধ্যে বিভিন্ন চেম্বার ও এ্যাসোসিয়েশন শিক্ষানীতি পর্যালোচনা করে প্রয়োজনীয় সুপারিশ করবে। [illegible] সভায় ব্যবসায়ী প্রতিনিধিরা বলেন, উৎপাদন প্রতিষ্ঠানের সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানের কার্যকর যোগাযোগ থাকা প্রয়োজন। তবে ছাত্র ও শিক্ষককে রাজনীতির আওতামুক্ত থাকতে হবে। কেননা, উপযুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা না হলে শিক্ষা ব্যবস্থায় উন্নতি, প্রতিষ্ঠান স্থাপন, কারিকুলামের পরিবর্তন প্রভৃতি কর্মসূচী নিষ্ফল হবে। সভায় সর্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যকর করার বিষয়ে সাহায্য প্রদানের ব্যবস্থা বাড়ানো ও ব্যয়ভার সরকারকে বহন করার কথা বলা হয়।